এই শর্তাবলী Harith IT, CEO ডাইরেক্টর খন্দকার ফায়সাল আহম্মেদ, পিতাঃ খন্দকার তাজুল ইসলাম, Office 1st Floor H-2/A Road-16, Nikunjo-2, Khilket Dhaka কে প্রথম পক্ষ বা Agency হিসাবে অবহিত করা হয়েছে।

Equipment মালিক/ বা Equipment মালিকানাধীন কোম্পানিকে। ২য় পক্ষ বা Renting Partner হিসাবে অবহিত করা হয়েছে।

Agency এবং Renting Partner (দুই পক্ষ) কে স্বতন্ত্রভাবে "পক্ষ" এবং সম্মিলিত ভাবে "উভয় পক্ষ" হিসাবে অবহিত করা হয়েছে।

Agency "EEjara" নামে একটি Web site/ Mobile Application/ Online Rental Platform (যার Web site হল http://www.eejara.com) প্রস্তুত করেছে (যা পরবর্তীতে Rental Platform হিসাবে উল্লেখ করা হয়েছে)

Rental Platform টি যে কোন Web Browser ও IOS & Android App এর মাধ্যমে (Free তে) Download করে ব্যবহার করা যায়।

অতএব, পক্ষদ্বয় এমতাবস্থায় নিম্নোক্ত বিষয়ে অঙ্গিকারবদ্ধ চুক্তিবদ্ধ হইল।

১। নিবন্ধন/ তালিকাভূক্তি:

ক) Renting Partner / Equipment মালিক Agency এর মাধ্যেমে নিবন্ধন/ তালিকাভূক্তির জন্য সত্য ও প্রকৃত তথ্য ও নথিপত্রের ছবি Rental Platform এ অন্তরভূক্তির মাধ্যমে নিবন্ধন/ তালিকাভূক্তির আবেদন করিবে। Agency তথ্য যাচাই বাছাই এর মাধ্যমে Renting Partner দের নিবন্ধন প্রদান করবে এবং Agency তাদের মালিকানাধীন ডাটাবেজ Renting Partner দের সকল তথ্য সংরক্ষন করবে।

খ) নিবন্ধন কৃত Renting Partner তাদের নিজস্ব মালিকানাধীন সকল Equipment এর প্রয়োজনীয় বিবরণ, ছবি ও মালিকানার নথিপত্র সহ Rental Platform এ একে একে Add করবে। যা Agency যাছাই এর মাধ্যমে Adding Process সম্পন্ন করবে।

গ) এই শর্তাবলি পূর্বশর্ত এই যে Renting Partner রা Agency র নেওয়া পলিসি অনুযায়ী সিদ্ধান্ত মেনে চলবে। উল্লেখ্য যে, Agency তার প্রয়োজন অনুযায়ী সময়মত তার পলিসি অনুযায়ী সিদ্ধান্ত পরিবর্তন এবং পরিবর্ধন করতে পারবে। Agency র পলিসি মেনে চলতে ব্যার্থ হলে, Renting Partner দের অবহিত করণ ব্যাতিত Agency এই চুক্তি বাতিল করিতে পারিবে।

২। সার্ভিস/সেবাঃ

২.১ Agency এই শর্তাবলি দ্বারা Rental Platform ব্যবহার করে Equipment Renter দের কাছে থেকে Rent Request গ্রহন করে Renting Partner দের কাছে প্রেরণ করবে।

২.২ Renting Partner যদি Rental Request Accept করে তবে Agency ও Renting Partner উভয় পক্ষ Rental Platform এর মাধ্যমে ভাড়ার সকল শর্তাবলি সহ একখানা Rental Agreement করবে যা উভয় পক্ষ মেনে চলবে।

২.৩ Rental Agreement সম্পন্ন হলে Agency Renting Partner এর পক্ষে Equipment Renter এর কাছে অগ্রিম ভাড়া আদায় করবে। অগ্রিম ভাড়া আদায় ছাড়া Rental Agreement কার্যকর হবে না।

২.৪ ভাড়া আদায় সম্পন্ন হলে Agency ভাড়া গ্রহণ এর নির্দিষ্ট দিন ভাড়াকৃত Equipment টি Equipment Renter এর কাছে পৌছে দেওয়ার জন্য সকল ধরনের সহায়তা করবে এবং ভাড়া চলাকলিন সময় Renting Partner এর পক্ষে Logbook Maintain করবে। এবং ভাড়ার মেয়াদ শেষে Renting Partner এর কাছে উক্ত Equipment পৌছে দেওয়া ব্যাপারে সহায়তা করবে।

২.৫ Equipment Renter ভাড়ার মেয়াদ বৃদ্ধির আবেদন করলে যদি Renting Partner মেয়াদ বৃদ্ধিতে সম্মত হয় তবে Agency একই ভাবে সকল কার্য সম্পাদন করবে।

২.৬ Agency যদি পরবর্তীতে নতুন কোন সেবা চালুকরে তা ক্ষেত্র বিশেষে Renting Partner দের জন্য বাধ্যতা মূলক অথবা ঐচ্ছিক হবে। কোন নতুন সেবা বাধ্যতা মূলক হবেনা ঐচ্ছিক হবে সেই বিষয়ে Agency সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩। Agency র দায়িত্বঃ

৩.১ তালিকা ভূক্তির সময় Agency Renting Partner দের প্রয়োজনীয় তথ্যাদি যাচাই বাছাই করবে।

৩.২ Agency Rental Platform (eejara) Application/ Web site (কোন প্রকার যান্ত্রিক সমস্যা ব্যাতিত) সঠিক ভাবে কাজ করে তা যথা সম্ভব নিশ্চিত করার চেষ্টা করবে এবং Agency সেবা সমূহ যথাযথ পালনের চেষ্ট করবে

৩.৩ ভাড়া দেওয়া Equipment পরিবহনে Agency যথা সম্ভব সহায়তা করবে তবে সঠিক সময় গাড়ি না পাওয়ায় বিলম্ব হলে বা এমন কোন অবস্থা যা নিয়ন্ত্রনের বাহিরে হয় (যেমন- আবহাওয়া, ধর্মঘট, কম্পিউটার এর

বা টেলিযোগাযোগ নেটওয়ার্ক, ইন্টারনেট, মোবাইল (ফোনের) ব্যর্থতা, গুরুতর ট্রাফিক দুর্ঘটনার) এমন অবস্থায় Agency দায়ী থাকবে না ।

৩.৪ Equipment ভাড়া থাকা কালিন অবস্থায় যান্ত্রিক ক্রটির কারণে কাজ করতে না পারলে Agency দায়ী থাকবে না ।

৩.৫ Agency যে সকল কারণে দায়ী থাকবে না, Equipment Renter এর কোন ভূল এর কারণে ক্ষতি Equipment Rent থাকা অবস্থায় কোন দুর্ঘটনায় Equipment অপারেটর বা Equipment এর কোন ক্ষতি, Equipment Rent চলাকালিন সময়ে Equipment এর যান্ত্রিক সমস্যা বা Equipment অকার্যকর হলে, Logbook Maintain এর ক্ষেত্রে অপারেটর বা Equipment Renter ভূল তথ্য প্রদান করলে,পরোক্ষ ক্ষতি যার অর্থ এমন কোন ক্ষতি যা ঐ নির্দিষ্ট ভাড়ার সময় Equipment Renter এবং Renting Partner এর জন্য অপ্রত্যাশিত। এবং Agency কোন প্রকার কর/স্মপূরক শুল্ক/ভ্যাট/ কাষ্টমস ডিউট বা অন্য কোন চার্জ এর জন্য দায়ী নয় ।

৩.৬ এজেন্সি প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের মঙ্গলবার এবং চতুর্থ সপ্তাহের মঙ্গলবার যে সকল মেশিনের ভাড়া চলছে সে সমস্ত মেশিনের ভাড়ার পাওনা টাকা হিসাব করে সার্ভিস চার্জ (যা এজেন্সি কর্তৃক নিধারিত করা হবে) চার্জ কর্তন করে বাকি টাকা Renting Partner দের ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হইবে ।

৪। Renting Partner এর দায়িত্বঃ

৪.১ Renting Partner এর নিজস্ব মালিকানাধীন সকল Equipment Rental Platform এ তালিকাভূক্তির জন্য ডকুমেন্টসহ প্রদান করতে করবে। তালিকাভূক্তির সময় Equipment এর কার্যকারীতা ও অন্যান্য তথ্য সম্পূর্ন সঠিক ভাবে প্রদান করবে। কোন অবস্থাতেই Equipment এর কার্যকারিতা সম্পৃক্ত মিথ্যা কোন তথ্য প্রদান কার যাবেনা। Equipment Operator এর Daily Allowance এর ব্যাপারে পরিস্কার ভাবে উল্লেখ করতে হবে ।

৪.২ Renting Partner যে কাজের জন্য Equipment ভাড়া প্রদান করবে সেই কাজ সুন্দর মানসম্মত ভাবে করার লক্ষে Equipment Operator কর্মদক্ষতার মান নিশ্চিত করতে হবে। অপারেটর উক্ত কাজ পরিচালনার জন্য উপযুক্ততার সাথে Equipment পরিচালনা করবেন এবং Equipment Renter দের কর্মচারিদের সাথে ভাল ব্যবহার করবেন। Logbook Maintain এর জন্য প্রতিদিন যোগাযোগ করতে হবে ও ফোন ধরতে হবে এবং সঠিক তথ্য প্রদান করতে হবে।

৪.৩ Rental Platform (eejara) ব্যবহার করে কোন Rent এর জন্য Agreement সম্পন্ন করলে Renting Partner নির্দিষ্ট দিনে উক্ত ভাড়া হওয়া Equipment সঠিক ভাবে কাজ করার উপযোগী অবস্থায় দক্ষ অপারেটর (প্রয়োজনে হেলপার) সহ প্রস্তুত রাখতে হবে যা Renting Partner এর দায়িত্ব। এ সমস্ত দায়িত্বে অবহেলা Equipment Rent এ কোন সমস্যার সৃষ্টি হলে Agency দায়ী থাকবে না। এই সমস্ত ক্ষেত্রে Agency Renting Partner এর দায়িত্ব অবহেলার জন্য যথাযথ ব্যবস্থা নিতে পারবে।

৪.৫ Renting Partner কে Equipment Available Request পাঠানোর ক্ষেত্রে সচেতন থাকতে হবে। যদি নিজের কাজে বা অন্য কোথাও ভাড়া হলে Available Request তুলে দিতে হবে।

৪.৬ Agency থেকে কোন Rent এর জন্য কোন Request আসলে বিনা কারনে Reject করা যাবে না। প্রয়োজনে অধিক তথ্যের জন্য Agency কে ফোন করে যোগাযোগ করতে হবে।

৪.৭ Agency কর্তৃক কোন Equipment Rent প্রদান করলে মেয়াদ শেষে কোন অবস্থাতেই Renting Partner ও Equipment Renter নিজেরা যোগাযোগ করে Rent এর মেয়াদ বৃদ্ধি করা যাবেনা বা এই Rent Cancel করে নিজেরা পুনরায় Rent দেওয়া যাবে না। Agency মাধ্যমেই Rent এর মেয়াদ বৃদ্ধি বা পুনরায় Rent দিতে হবে। অন্যথায় Agency Renting Partner ও Equipment Renter এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে পারবে।

৪.৭ Renting Partner বাংলাদেশ এর প্রচলিত আইন মান্য করার পাশাপাশি Agency নিয়ম, বিধান ও নীতিমালা মেনে চলবে ।

৪.৮ Renting Partner যে কোন Rent বাতিল বা বিলম্বের ক্ষেত্রে Agency কে ৩ দিন আগে অবহিত করতে হবে । এই বিষয়ে অবশ্যই Agency নিয়ম নিতি মেনে চলতে হবে ।

৫ । গোপনীয়তাঃ

এই শর্তাবলীর ফলে Renting Partner দের সকল তথ্য Agency র কাছে থাকবে । Rental Platform এর তথ্য Agency প্রয়োজনে যে কোন তৃতীয় পক্ষকে প্রকাশ বা প্রদান করতে পারবে এবং যদি কোন আইন প্রয়োগকরী সংস্থা বা কোন আদালত কোন তথ্য তলব করে তবে Agency তা প্রদান করতে বাধ্য থাকবে ।

৬ । মেয়াদ এবং অবসানঃ

ক) এই শর্তাবলির সাথে সম্মতি প্রদানের দিন হতে Renting Partner লিখিত ভাবে ৩০ দিন এর নোটিশ এর মাধ্যমে অবহিত করার আগ পর্যন্ত এই শর্তাবলি বলবৎ থাকিবে । তবে কোন Equipment Rent অবস্থায় থাকলে উক্ত Rent সম্পন্ন করতে হবে ।

খ) এই শর্তাবলি অবসানের পরেও শর্তাবলির গোপনীয়তা, দায়মুক্তি এবং উভয় পক্ষের সম্পর্ক জনিত শর্তাবলি বলবৎ থাকবে ।

৭ । বিবিধঃ

৭.১ এই শর্তাবলি একটি সম্পূর্ন রূপে গন্য হবে এবং এই শর্তাবলীতে সম্মতি প্রদানের আগেই এই শর্তাবলী বিষয়ক সকল মৌখিক বা অন্য কোন রুপে আলোচিত কোন শর্ত যা এই শর্তাবলীর কোন অংশ নয় তা বাতিল বলে গন্য হবে ।

৭.২ এই শর্তাবলীর কোন শর্ত যদি কখনো বাংলাদেশ সরকারের কোন আইন দ্বারা বে-আইনি বা বাতিল যোগ্য হয় তবে শুধু মাত্র ঐ শর্তটি বাতির বলে গন্য হবে কিন্তু এ শর্তাবলীর বাকি অংশ এমন ভাবে প্রযোজ্য হবে যেন ঐ শর্তটি কখনো এই শর্তাবলীর অংশ ছিলনা ।

৮ । দায়মুক্তিঃ

Renting Partner এই মর্মে প্রত্যয়ন করছে যে, এই শর্তাবলীর অধীনে Equipment Rent থাকা অবস্থায় Equipment Operator অথবা কোন কর্মচারীর দুর্ঘটনা , মৃত্যু সহ সকল প্রকার ক্ষতি, ক্ষতিপূরণ , যে কোন প্রকার কেস/মামলা/মোকাদ্দমা বা দাবী নিজ খরচে এবং নিজ দায়িত্বে পরিচালনা করবে এবং এই সকল বিষয়ে Agency কোন প্রকার দায়ভার গ্রহন/বহণ করবে না ।

৯ । বিরোধ মীমাংসাঃ

উভয় পক্ষের কোন প্রকার মতানৈক্য হলে উভয় পক্ষ আলাপ-আলোচনার মাধ্যমে মীমাংসা করার চেষ্ট করবেন । যদি আলাপ-আলোচনার মাধ্যমে মীমাংশা না হয় তবে সালিশ আইন, ২০০১ অনুযায়ী উভয় পক্ষ মতানৈক্য মীমাংশা করিবেন । সালিশের রায় উভয় পক্ষের জন্য প্রযোজ্য হবে এবং সালিশের স্থান হবে ঢাকা ।

১০ । প্রযোজ্য আইনঃ

এই শর্তাবলী বাংলাদেশের আইন অনুযায়ী এবং বাংলাদেশের আইন দ্বার করা হচ্ছে, যে কোন প্রকার বিরোধের ক্ষেত্রে বাংলাদেশের আদালতের ক্ষমতা প্রযোজ্য হবে ।